



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সশরীরে পরীক্ষার হল পরিদর্শন



৯ অক্টোবর -২০২১, শনিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সকল ইনস্টিটিউট ও বিভাগে শিক্ষার্থীবৃন্দের সশরীরে সেমিস্টার ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার ও উপাচার্য (রুটিন দায়িত্ব) অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ বিভিন্ন ইনস্টিটিউট ও বিভাগের পরীক্ষার হল পরিদর্শন করেন। তিনি পরীক্ষা চলাকালীন সময়ে করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতি বিবেচনায় সকল প্রকার স্বাস্থ্য বিধি মেনে চলার পরামর্শ দেন। পরীক্ষার হল পরিদর্শনকালে রসায়ন বিভাগের চেয়ারম্যান ও বিভিন্ন বিভাগের বিভাগীয় শিক্ষকসহ আরো অনেকে উপস্থিত ছিলেন। উল্লেখ্য, গত ৭ অক্টোবর ২০২১ থেকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সশরীরে পরীক্ষা শুরু হয়।